গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

১৯ AUG 2026

স্মারক নম্বর-৩৭.০২.০০০০.১১৫.১৬.০০৩.১৯(পার্ট-১).২২৭

তারিখ: ১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ১৭ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা পরিবারের সদস্যদের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা প্রতিপালন এবং নির্দেশিকা পরিপন্থী কার্যক্রম অবহিতকরণ প্রসঙ্গে।**

সূত্র: ১. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত "সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)"।

২. মাউশি অধিদপ্তরের স্মারক নং: ৩৭.০২.০০০০.১০১.০৬.০০৫.২০২১-৬১৪২/৪; তারিখ: ২৯/০৭/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্দেশিকা ও সরকারি আচরণবিধি যথাযথভাবে প্রতিপালন করা আবশ্যক। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক "সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)" জারি করা হয়েছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা পরিবারের সদস্যগণ সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে উল্লিখিত নির্দেশিকা যথাযথভাবে প্রতিপালন করছেন কি না—তা পরিবীক্ষণের লক্ষ্যে নিম্নস্বাক্ষরকারীকে আহ্বায়ক করে অধিদপ্তর কর্তৃক একটি 'সামাজিক যোগাযোগ মাধ্যম মনিটরিং কমিটি' গঠন করা হয়েছে।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা পরিবারের কোনো সদস্য কর্তৃক সামাজিক যোগাযোগমাধ্যমে সরকারি নির্দেশিকা পরিপন্থী, আপত্তিকর, বিভ্রান্তিকর, অসত্য, নেতিবাচক কিংবা দাপ্তরিক শৃঙ্খলা ও ভাবমূর্তি ক্ষুণ্ন করতে পারে—এমন কোনো স্ট্যাটাস, মন্তব্য, ছবি, ভিডিও, পোস্ট বা অন্য কোনো কনটেন্ট প্রকাশ কিংবা প্রচারের বিষয় নজরে এলে, তা যথাযথভাবে সংরক্ষণপূর্বক অগ্রাধিকার ভিত্তিতে মনিটরিং কমিটির আহ্বায়ককে ইমেইল (director.mew@gmail.com)-এর মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অবহিতকরণের ক্ষেত্রে নিম্নোক্ত তথ্যসমূহ বিবেচনাযোগ্য:

১. সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল;

২. সামাজিক যোগাযোগমাধ্যমের নাম ও সংশ্লিষ্ট অ্যাকাউন্ট/প্রোফাইলের লিংক;

৩. পোস্ট/স্ট্যাটাস প্রকাশের তারিখ ও সময়;

৪. সংশ্লিষ্ট পোস্ট/স্ট্যাটাসের স্ক্রিনশট বা অন্যান্য প্রাসঙ্গিক তথ্য-প্রমাণ।

১৭/০৮/২০২৬

(প্রফেসর টিপু সুলতান)
পরিচালক
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
ও
আহ্বায়ক
সামাজিক যোগাযোগ মাধ্যম মনিটরিং কমিটি

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
২। আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৩। অধ্যক্ষ (সকল)।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর (পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৬। সংশ্লিষ্ট নথি।